দৈনিক বাংলা

তারিখ ... 7/8/78 ...
পৃষ্ঠা ... 1 ... কলাম ... 5 ...

051

# প্রস্টেট গ্রন্থি সংস্থাপনে বিশ্বে প্রথম সাফল্য

ভার্সাই (ফ্রান্স), ৬ই আগস্ট (এএফপি)।—একজন ফরাসী ডাক্তার আজ বিশ্বে সর্বপ্রথম অস্ত্রোপচারের মাধ্যমে প্রস্টেট গ্রন্থি সংস্থাপনে সাফল্য অর্জন করেছেন। ভার্সাই চিকিৎসা কেন্দ্রের এক সূত্র একথা জানিয়েছেন।

সূত্র জানান, স্থানীয় সময় রাত একটায় অধ্যাপক র্জজ মন্টাগলিয়ারি এই অস্ত্রোপচার করেন।

রোগী ছিল মাত্র ৩২ বছর বয়স্ক এক ব্যক্তি। এই জরুরী গ্রন্থিটির জন্যে তাকে দীর্ঘদিন অপেক্ষা করতে হয়। আর গ্রন্থিদাতা ছিল সড়ক দুর্ঘটনায় নিহত ২০ বছর বয়স্ক একটি তরুণ।

প্রকাশ, ডাঃ মন্টাগালিয়ারি তাঁর মোটরগাড়ি চালনাকালে বেতার মারফত এই গ্রন্থিদাতার কথা জানতে পারেন এবং এই অস্ত্রোপারের জন্যে তৎক্ষণাৎ সরাসরি এই হাসপাতালে চলে আসেন।